নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডাইরী নং- ৩৩৪১ তারিখ ঃ- ২৭/৭/২৬
গ্রহণকারী ঃ-


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
প্রগতি শাখা
www.pwd.gov.bd


**স্মারক নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২৩৩.১৪.০০০৩.২৫.৫৮

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

বিষয়: **২০২৫-২৬ অর্থ বছরে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সরকারি ভবন/স্থাপনার মেরামত ও সংরক্ষণ কাজ সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক পরিদর্শন প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।**

সূত্র: অত্র দপ্তর স্মারক নং-২৫.৩৬.০০০০.০০০.২৩৩.১৬.০০০৪.২৬-১৪৮, তারিখঃ ১৪ জুলাই ২০২৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকের মাধ্যমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অনুমোদিত "গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ভবন/স্থাপনার মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়ন সংক্রান্ত গাইডলাইন" অনুযায়ী দৈবচয়ন পদ্ধতিতে আপনার সার্কেলের আওতাধীন সকল গণপূর্ত বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরে সকল মন্ত্রণালয়ের বরাদ্দকৃত মেরামত কাজ এর মোট পরিশোধিত অর্থের ন্যূনতম ১৫(পনের) শতাংশ কাজের পরিদর্শন প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু অদ্যাবধি অত্র দপ্তরে কোন প্রতিবেদন পাওয়া যায়নি। মন্ত্রণালয়ের চাহিদানুযায়ী প্রতিবেদন প্রেরণ অত্যাবশ্যক হয়ে দাঁড়িয়েছে। এক্ষেত্রে সকল বিভাগের প্রতিবেদন একত্রীকরণ এর জন্য অপেক্ষা না করে পর্যায়ক্রমে প্রেরণ করা যেতে পারে।

এমতাবস্থায়, সূত্রস্থ স্মারকে প্রেরিত ছক অনুযায়ী তাঁর দপ্তরাধীন সকল গণপূর্ত বিভাগের প্রতিবেদন আগামী ২০ আগস্ট ২০২৬খ্রিঃ তারিখের মধ্যে প্রধান প্রকৌশলী বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ জানানো হলো।


২৭-০৭-২০২৬
(স্বপন চাকমা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
ফোন : ০২২২৩৩৮৮৯১৪
ইমেইল : se_coord@pwd.gov.bd


তত্ত্বাবধায়ক প্রকৌশলী
গণপূর্ত সার্কেল-১/২/৩/৪/৫/রক্ষণাবেক্ষণ/সাভার/ঢাকা, ই-এম সার্কেল-১/২/৩/৪/ই-এম পিএন্ডডি সার্কেল, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম-১/ ২/ই-এম, চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/রাজশাহী/ রংপুর/ বগুড়া/ বরিশাল/ খুলনা/ যশোর/গোপালগঞ্জ/টাঙ্গাইল/দিনাজপুর/পাবনা/রাঙ্গামাটি।

**স্মারক নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২৩৩.১৪.০০০৩.২৫.৫৮/১ (৫)

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সওস)/পওবিপ্র/স্বাস্থ্য উইং, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন/ ই-এম/ই-এম পিএন্ডডি/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্রগ্রাম/ চট্রগ্রাম ই-এম/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রাজশাহী/ রংপুর।

৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা; ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

৪। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা; প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৫। গার্ড ফাইল, অত্র দপ্তর।

২৭-০৭-২০২৬
(স্বপন চাকমা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)